



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৭

২৩ জ্যৈষ্ঠ ১৪২৯

তারিখঃ

৬ জুন ২০২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

‘জনশুমারি ও গৃহগণনা ২০২২’ প্রসঙ্গে।

ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে দশ বছর পর্যায়বৃত্তি অনুসরণপূর্বক ষষ্ঠ ‘জনশুমারি ও গৃহগণনা ২০২২’ কার্যক্রম বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক আগামী ১৫ জুন ২০২২ হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত দেশব্যাপী পরিচালিত হবে মর্মে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়-এর পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। উক্ত জনশুমারি সফলভাবে পরিচালনার লক্ষ্যে দেশের সকল নাগরিকের অন্তর্ভুক্তি নিশ্চিতকরণসহ এ বৃহৎ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত শুমারিতে সক্রিয় অংশগ্রহণ ও তথ্য প্রদানসহ সার্বিক সহায়তা নিশ্চিত করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮